ইত্তেফাক

তারিখ 29/12/80
পৃষ্ঠা

328

048

## জাতিসংঘে বাংলা ভাষা

জাতিসংঘ, ২৬শে ডিসেম্বর (বাসস)—প্রধান প্রধান এশীয় ভাষার মধ্যে বাংলা জাতিসংঘে সরকারী কাজকর্ম ও উহার বেতার সার্ভিসে ব্যবহার করা হইবে।

বেতার সার্ভিসসহ জাতিসংঘের সরকারী কাজে এশিয়ার প্রধান প্রধান ভাষা অন্তর্ভুক্ত করার ব্যাপারে সেক্রেটারী জেনারেলকে অনুরোধ জানাইয়া তথ্য সংক্রান্ত জাতিসংঘ কমিটির সুপারিশের ভিত্তিতে সাধারণ পরিষদে একটি প্রস্তাব গ্রহণ করা হইয়াছে।

এখন অন্যান্য ভাষার মধ্যে বাংলাও জাতিসংঘের বেতার সার্ভিসে ব্যবহৃত হইবে বলিয়া আশা করা যাইতেছে।